কোটচাঁদপুরে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতা দিবসের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

আগামী ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপন উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল বুধবার বেলা ১১ টার দিকে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে নির্বাহী অফিসার নাজনীন সুলতানার সভাপতিত্বে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, পৌর মেয়র জাহিদুল ইসলাম, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা ডা: আব্দুর রশিদ, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আওয়ামী লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সাংবাদিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক নেতারা উপস্থিত ছিলেন।

সভায় যথযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্যাপন করার লক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়।

মেপ্র/আরপি

আলমডাঙ্গায় শহরের ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর ও কর্মচারীকে কুপিয়ে জখম

মাদক ব্যবসায়ীকে গ্রেফতারের জের ধরে আলমডাঙ্গা শহরের এক আসবাবপত্র ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর, ব্যবসায়ী ও কর্মচারীকে রক্তাক্ত জখম করা হয়েছে। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

থানায় লিখিত অভিযোগ সূত্রে জানা গেছে, কুষ্টিয়া জেলার ইবি থানার শ্যামল কুমার সাহার ছেলে সুবিন্দর সাহা ওরফে মিঠুন ওরফে বিন্দু চিহ্নিত মাদক ব্যবসায়ী। নিজ এলাকায় টিকতে না পেরে কয়েক বছর আগে সুবিন্দর ওরফে মিঠুন ওরফে বিন্দু আলমডাঙ্গা শহরে বসবাস শুরু করে। আলমডাঙ্গা শহরে অবস্থানের পাশাপাশি মাদক ব্যবসা করার অভিযোগ রয়েছে। একাধিক বার পুলিশের হাতে মাদকসহ গ্রেফতার হয়েছে। গত রবিবার রাতে আলমডাঙ্গা থানা পুলিশ তাকে ৫ বোতল ফেনসিডিলসহ আটক করে জেল হাজতে প্রেরণ করেছে।

এদিকে, সুবিন্দরের গ্রেফতারকে কেন্দ্র করে শুরু হয়েছে কুরুক্ষেত্র। মাদক ব্যবসায়ী সুবিন্দর বর্তমানে আলমডাঙ্গার টকিজ হল পাড়ায় বাদল মজুমদারের ঘর ভাড়া নিয়ে ফার্নিচারের ব্যবসা করছে। ফার্নিচারের ব্যবসার আড়ালে মাদকব্যবসা করার অভিযোগ রয়েছে।

গত রবিবার রাতে সুবিন্দরের গ্রেফতারের পর বাদল মজুমদার পুরাতন বাজারে অবস্থিত বেস্ট ফার্নিচারের মালিক আব্দুল্লাহর বিরুদ্ধে অভিযোগ তোলেন যে আব্দুল্লাহ ব্যবসায়ীক কারণে সুবিন্দরকে গ্রেফতার করিয়েছে।

এ নিয়ে ২ মার্চ রাতে আব্দুল্লাহ ও তার কর্মচারীদের সাথে বাদল মজুমদারের হাতাহাতি হয়। ওই ঘটনার জের ধরে পরদিন ৩ মার্চ বেলা ১১ টার দিকে বাদল মজুমদার ও তার কলেজ পড়ুয়া ছেলে উৎসের নেতৃত্বে কতিপয় যুবক বেস্ট ফার্ণিচারে ২ দফা হামলা চালিয়ে ভাংচুর করে।

বেস্ট ফার্নিচারের মালিক আব্দুল্লাহ ও তার কর্মচারি সোহেল ও আল আমিনকে বেধড়ক পিটিয়ে ও কুপিয়ে রক্তাক্ত করেছে। কুষ্টিয়া থেকে মাস্তান ভাড়া করে নিয়ে গিয়ে ওই হামলা করা হয়েছে বলে লিখিত

অভিযোগে উল্লেখ করা হয়েছে।

সে সময় হামলাকারিরা দোকানের ড্রয়ার ভেঙ্গে সোয়া ২ লাখ টাকা নিয়ে গেছে বলে দাবি করা হয়েছে।

আহতদের মধ্যে সোহেলের অবস্থা গুরুতর। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এ ঘটনায় আব্দুল্লাহ বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

মেপ্র/আরপি

ঝিনাইদহের নবগঙ্গা নদীর অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান চলছে

ঝিনাইদহে ২য় দিনের মত নবগঙ্গা নদীর অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বুধবার সকাল থেকে বিকাল পর্যন্ত এ অভিযান চালায় জেলা প্রশাসন ও পানি উন্নয়ন বোর্ড।

এসময় শহরের চাকলাপাড়া ও ক্যাসেল ব্রীজ সংলগ্ন টিনের ঘর, পাকা- আধাপাকা দোকান ঘর গুড়িয়ে দেওয়া হয়। অভিযানে পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী সারোয়ার জাহান সুজনসহ আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা অংশ নেয়।

মঙ্গলবার সকালে শহরের চাকলাপাড়া ব্রীজ এলাকা থেকে পবহাটি ব্রীজ এলাকা পর্যন্ত ৭৩ টি উচ্ছেদ অভিযান শুরু হয়। এ দু’দিনে গুড়িয়ে দেওয়া হয় অর্ধশতাধিক স্থাপনা।

এসময় নির্বাহী প্রকৌশলী সারোয়ার জাহান সুজন জানান, অবৈধ দখলদারদের তালিকা প্রনয়ণ করে তাদের অবৈধ স্থাপনা স্বেচ্ছায় সড়িয়ে নিতে নোটিশ দেওয়া হয়েছিল। অনেকে স্বেচ্ছায় সড়িয়ে নিয়েছে।

যার স্থাপনা সরাননি সেইগুলো উচ্ছেদ শুরু হয়েছে। ২ দিনে

চাকলাপাড়া, আরাপপুরের ক্যাসেল ব্রীজ এলাকার স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। উচ্ছেদ শেষ না হওয়া পর্যন্ত এ অভিযান চলবে বলেও জানান তিনি।

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে মাদক ব্যবসায়ীর কারাদন্ড

ঝিনাইদহে ভ্রাম্যমাণ আদালতে বিপ্লব হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে ২ বছরের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এস.এম. রকিবুল হাসান এ দন্ডাদেশ প্রদাণ করেন। দন্ডিত বিপ্লব হোসেন শহরের সরকারি মহিলা কলেজ পাড়ার জয়নুদ্দিনের ছেলে।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সহকারী পরিচালক আজিজুল হক জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে বিপ্লব হোসেন নিজ বাড়ীতে মাদক ক্রয় বিক্রয় করছে।

এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে বিপ্লব হোসেনকে ৩ গ্রাম হোরোইনসহ আটক করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত তাকে ২ বছরের বিনাশ্রম কারাদন্ড ও ৫০ টাকা জরিমানা করে।

দর্শনায় স্বর্ণের বার ও মোটরসাইকেল সহ ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের অভিযানে ০১ টি স্বর্ণের বার যার ওজন ২২ ভরি ১৪ আনা ২ রতি ও ১ টি চখঅঞওঘঅ ১০০ ঈঈ লাল রঙের মোটরসাইকেল সহ ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।
গ্রেফতারকৃত একজন আসামি মো: আলমগীর হোসেন (৩৫) গ্রাম ফুলবাড়ি, বইচিতলা পশ্চিম পাড়া গ্রামের পিতা মো: মফিজ উদ্দিনের ছেলে, অপরজন মো: নুর হক মল্লিক (২৭) গ্রাম বুইচিতলা বাগানপাড়া গ্রামের ইসমাইল মল্লিকের ছেলে, আটককৃত দুইজন আসামি দর্শনা থানার বাসিন্দা।

পুলিশ জানায়, গতকাল বেলা সাড়ে ১২ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানাধীন রামনগর গ্রামের দর্শনা টু কার্পাসডাঙ্গা গামী হাইওয়ে রোডে দর্শনা পৌরসভা সীমান্ত পিলার সংলগ্ন পাকা রাস্তার উপর চেকপোস্ট করা কালে ০২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

দর্শনা থানা পুলিশ আরো জানায়, চেকপোস্ট করাকালে তাদের দিকে আসার সময় গাড়ি থামানোর জন্য সিগন্যাল দিলে দুই জন আসামি মোটরসাইকেল ফেলে দৌড়ে পালানোর চেষ্টা করলে ওসি মাহবুবুর রহমান এবং সঙ্গীয় ফোর্স নিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামি দুই জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে লার্নিং এন্ড আর্নিং ডেভলপমেন্ট প্রজেক্টের অবহিতকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে লার্নিং এন্ড আর্নিং ডেভলপমেন্ট প্রজেক্টের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১০ ঘটিকার সময় জেলা

প্রশাসকের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক মো: তৌফিকুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার উপপরিচালক মৃধা মো: মোজাহিদুল ইসলাম, ব্যাবিলন রিসোর্সে লিমিটেডর প্রকল্প ব্যবস্থাপক কামরুজ্জামান।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রজেক্ট কোর্ডিনেটর মো: পারভেজ হুসাইন, গ্রাফিক্স ডিজাইন টেইনার জান্নাতুল ফেরদৌস মিমি, সফট স্কিল টেইনার মো: মুনিরুল ইসলাম, মেহেরপুর যুব উন্নয়ন অধিদপ্তরের রিফ্রিজেটর প্রশিক্ষক আমিনুল ইসলাম সাগর, গবাদি পশু প্রশিক্ষক বিপ্লব কুমার ঘটক, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু প্রমুখ।

মেপ্র/আরপি

আলমডাঙ্গায় বাউল সঙ্গীত অনুষ্টান অনুষ্টিত

আলমডাঙ্গা কলেজ পাড়ার যুব সম্প্রদায় আয়োজিত বাউল সঙ্গীত অনুষ্টান অনুষ্টিত হয়েছে।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টার দিকে আলমডাঙ্গা শহীদ মিনার প্রাঙ্গনে যুব সম্প্রদায়ের পক্ষে হাসিবুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক।

এসময় তিনি বলেন, বাংলার আউল, বাউল সম্প্রদায় হচ্ছে বাংলার প্রকৃতি রুপ। বাউল সম্রাট লালনের অনুসারি যারা তারা বলেন সোনার মানুষ ভজলে সোনার মানুষ হবি।

আজ এই অনুষ্টানে সঙ্গিত পরিবেশন করবেন আলমডাঙ্গার কৃতি সন্তান দুই বাংলায় যিনি সমান ভাবে সমাদ্রিত সেই লোক সঙ্গিত শিল্পি আব্দুল লতিফ শাহ। যিনি ভারতের পুরস্কার প্রাপ্ত চলচিত্র মনের মানুষ ছবিতে লালনের চিরিত্রে প্রসেনজিৎ এর সব কটি গান লতিফ শাহ কন্ঠ দিয়েছেন, তাকে আমারা অভিনন্দন জানাই।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, আলমডাঙ্গা পৌর সভার ৩ নং ওয়ার্ড কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন।

রজবের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন বাউল শিল্পী লতিফ শাহ, সরকারি কলেজের প্রভাষক হাসিবুল হক, প্রভাষক জিয়াউর রহমান, নাট্যকার অভিনেতা রাজিবুল ইসলাম রাজিব, প্রভাষক মুরাদ হোসেন প্রমুখ।

সংগীত পরিবেশন করেন মঙ্গল, সহ বিশিষ্ট লোক সঙ্গিত শিল্পি বৃন্দ।

মেপ্র/আরপি

জীবননগরে মাইকিং করে ভাতাভোগীদের বাছাই কার্যক্রম শুরু

সোনার বাংলায় মুজিববর্ষে সমাজকল্যাণ এগিয়ে চলে এ স্লোগানে ২০১৯-২০২০ইং অর্থবছরে ভাতাভোগী বাছাই কার্যক্রম শুরু হয়েছে।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের নির্দেশে সমাজে যাতে কোন বয়স্ক ও বিধবা স্বামী নিগৃহীতা প্রতিবন্ধী ভাতাভোগী না বাধ পড়ে সে জন্য উপজেলার প্রতিটি ইউনিয়নে মাইকিং করে ভাতাভোগী বাছাই কার্যক্রম শুরু করেছে।

তারই ধারাবাহিকতায় গতকাল মঙ্গলবার উথলী ইউনিয়নে ভাতাভোগীদের যাচাই বাছাই কার্যক্রম উদ্বোধন করেন জীবননগর উপজেলা পরিষদের

চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ, উপজেলা সমবায় অফিসার মতেহার হোসেন।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান।

মেপ্র/আরপি

জীবননগরে ৫ কেজি গাঁজাসহ এক যুবক আটক

জীবননগরে ৫ কেজি গাঁজাসহ পুলিশের হাতে এক যুবক আটক হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানার ওসি তদন্ত ফৈরদৌস ওয়াহিদের নির্দেশে এস আই সিরাজজুল ইসলাম, এস আই আনিছ ও এস আই গাফফার সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিত্বে জীবননগর উপজেলার নারায়পুর গ্রামে একটি ইজিবাইক তল্লাশী করে ৫ কেজি ২০০ গ্রাম গাঁজাসহ জামিনুর রহমানকে(২১) আটক করে পুলিশ।

আটককৃত আসামী জামিনুর রহমান জামালপুর জেলার সরিষাবাড়ি থানার কাস্টসিংহ গ্রামের আবুল কালামের ছেলে।

এ বিষয়ে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা হয়েছে।

মৌবনের রেখা খাতুন পেলেন বিভাগীয় পর্যায়ে জয়ীতার সম্মাননা

কুষ্টিয়ার বিশ্বস্ত খাবার প্রতিষ্ঠান মৌবনের রেখা খাতুন পেলেন খুলনা বিভাগীয় পর্যায়ে জয়ীতার সম্মাননা।

গতকাল মঙ্গলবার খুলনা অফিসার্স ক্লাব মিলনায়তনে তার হাতে এ সম্মাননা তুলে দেন খুলনার বিভাগীয় কমিশনার ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার।

খুলনা বিভাগীয় পর্যায়ে ‘নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছে যে নারী’ ক্যাটাগরিতে জয়িতা রেখা খাতুনকে সম্মাননা প্রদান করা হয়। খুলনা মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যালয় আয়োাজিত বিভাগীয় পর্যায়ের ‘জয়িতা অন্বেষণে বাংলাদেশ’ শীর্ষক এই সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন খুলনা সিটি করপোরেশনের মেয়র তালুকদার আবদুল খালেক।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) সৈয়দ রবিউল আলম, অতিরিক্ত বিভাগীয় কমিশনার হোসেন আলী খন্দোকার, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মো. হাবিবুল হক খান এবং খুলনা জেলা প্রশাসক কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মো. ইকবাল হোসেন, মহিলা বিষয়ক অধিদপ্তর খুলনা কার্যালয়ের উপপরিচালক নার্গিস ফাতেমা জামিন।

অনুষ্ঠানে রেখা খাতুনসহ আরও বিভিন্ন ক্যাটাগরীতে শ্রেষ্ঠ জয়িতাদের সম্মাননা ক্রেস্ট, সনদ ও পুরস্কারের নগদ অর্থ প্রদান করা হয়।
প্রসঙ্গত, জীবনযুদ্ধে সফল এক জয়িতা নারী রেখা খাতুন কুষ্টিয়া শহরের থানাপাড়া এলাকার বাসিন্দা। কোন কিছু বুঝে উঠার আগেই বিয়ে হয়ে যায় তার। বছর গড়াতেই সন্তানের মা হন তিনি। স্বামীর সংসারে নেমে আসে চরম দুর্দিন ও হতাশা। পরিবারে সাংসারিক ঝগড়াকলহ চলতে থাকতো। কয়েক বছরের মাথায় আবারো গর্ভবস্থায় বিবাহ বিচ্ছেদ হয় রেখা খাতুনের।

সংসার ভেঙে গেলে ফিরে আসে বৃদ্ধ পিতা-মাতার বাড়িতে। সেখানে

দরিদ্র ও অসহায় পিতার সংসারে অসহায় ও একাকীত্ব জীবনযাপন করতে থাকেন। শুধু তাই নয়, বাবা মায়ের বড় সন্তান হওয়ায় রেখার দায়িত্ব যেন আরো বেড়ে যায়। নিজের সন্তান ও ছোট ভাইবোনদের মানুষ করতেই রেখার শুরু হয় সংগ্রামী জীবন। নিজেকে স্বাবলম্বী করতে নয়, একবেলা দুমুঠো আহার তুলে দিতে রেখা শুরু করেন ঝিয়ের কাজ।

হঠাৎই কুষ্টিয়ার খাবার প্রতিষ্ঠান মৌবনে কাজ নেয় সে। তারপর আর তাকে পিছনে ফিরে তাকাতে হয়নি। তবে সেখানে রান্নার কাজ দেখে প্রথমে ঘাবড়ে গিয়েছিলেন। পরবর্তীতে প্রতিষ্ঠানের কর্ণধার সাফিনা আঞ্জুম জনির ঐক্যান্তিক প্রচেষ্টায় তাকে রাধুনীর কাজে সম্পৃক্ত করা হয়। ধীরে ধীরে সে দক্ষ রাধুনী হিসেবে নিজেকে গড়ে তোলে।

এভাবেই জীবনযুদ্ধে নিজে এখন স্বাবলম্বী হয়েছে। ছোট ভাইবোনদের বিয়ে দিয়েছেন। নিজের দুই মেয়েকে লেখাপড়া করাচ্ছেন। সংসারে বেশ স্বাচ্ছন্দ্যেই রয়েছে রেখা খাতুন।

মেপ্র/আরপি